



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh



তারিখ: ২৫.০৯.২০২২ খ্রি.


বিজ্ঞপ্তি

আধুনিক বাংলাদেশের রূপকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬তম শুভ জন্মদিন উদযাপনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীরা নিম্নোক্ত কর্মসূচি পালন করবে।

- ❖ সাম্প্রতিকালে আমাদের সবচাইতে বড় অর্জন 'পদ্মা সেতু'। 'পদ্মা সেতু' নির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় পদক্ষেপ আমাদের গর্বিত করেছে। তাই শিক্ষার্থীরা পদ্মাসেতুর অর্জনে অনুপ্রাণিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিনে শুভেচ্ছা বার্তা লিখবে।
- ❖ শুভেচ্ছা বার্তাটি ১০০ শব্দের মধ্যে হতে হবে।
- ❖ শুভেচ্ছা বার্তায় পদ্মা সেতু নির্মাণে ও বাংলাদেশের অগ্রযাত্রায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় প্রত্যয়ের চিত্র ফুটে উঠবে।
- ❖ শিক্ষার্থীদের সেরা লেখাগুলো শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন করা হবে।

উল্লিখিত বিষয়ে শুভেচ্ছা বার্তা লিখে আগামী ২৭.০৯.২০২২ তারিখ বেলা ২.০০ টার মধ্যে মধ্যে উচ্চমাধ্যমিক, স্নাতক (পাস) শ্রেণির শিক্ষার্থীরা কলেজ লাইব্রেরিতে এবং স্নাতক (সম্মান), স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগে জমা প্রদান করবে।

সম্মানিত বিভাগীয় প্রধানগণকে জানানো যাচ্ছে যে, তাঁর বিভাগের শিক্ষার্থীদের নিকট হতে শুভেচ্ছা বার্তা থেকে প্রত্যেক শ্রেণি হতে বাছাইকৃত সেরা লেখা (প্রতি শ্রেণির ১টি লেখা) আগামী ২৭.০৯.২০২২ তারিখ বিকাল ৩.৩০ মিনিটের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


অধ্যক্ষ ২৫/০৯/২০২২
মুরারিচাঁদ কলেজ, সিলেট